# 79202 - অপারেশনের কারণে রক্তপাত কি রোযা রাখার ক্ষেত্রে বাধা হবে?

## প্রশ্ন

আমি প্রায় দুই মাস আগে সন্তান প্রসব করেছি। এখনও নিফাসের রক্ত বন্ধ হয়নি। রেডিওগ্রাফার ডাক্তার পরীক্ষা করে আবিষ্কার করলেন যে, জরায়ুর ভিতরে বাচ্চার প্লাসেন্টারের একটি টুকরো রয়ে গেছে। এটি দূর করার জন্য আমি অপারেশন করিয়েছি। অপারেশন করিয়েছি রমযানের এক সপ্তাহ অতিবাহিত হওয়ার পর। অপারেশনের পর থেকে আমি রোযা রাখছি। যদিও রক্তপাত এখনও বন্ধ হয়নি। এখন আমি কি করব? আমার রোযা রাখা কি সঠিক? এখন কি সহবাস করা যাবে; অপারেশনের পরে রক্তপাত এখন একেবারে কম।

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

নিফাসের সর্বোচ্চ সীমা চল্লিশ দিন। চল্লিশ দিন পর নারী পবিত্র হয়ে যাবেন। তিনি রোযা রাখবেন, স্বামী তার সাথে সহবাস করতে পারবে; এমনকি যদি রক্তপাত হয় তবুও। চল্লিশ দিন পরের রক্তপাত রক্তক্ষরণ হিসেবে গণ্য হবে; নিফাস হিসেবে নয়।

ইতিপূর্বে এ বিষয়টি দলিলসহ বিস্তারিত 106464 নং প্রশ্নোত্তরে উল্লেখ করা হয়েছে।

অতএব, অপারেশনের পর আপনার রোযা রাখা সঠিক; এমনকি রক্তপাত চলমান থাকলেও।

রমযান মাসের যে এক সপ্তাহ আপনি রোযা রাখেননি সেগুলো কাযা করা আপনার উপর আবশ্যক।

আর চল্লিশ দিন পর থেকে যে নামাযগুলো আপনি পড়েননি সেগুলো ইনশাআল্লাহ্ কাযা করা আপনার উপর আবশ্যক নয়।

আল্লাহই সর্বজ্ঞ।